# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 20 April, 2025

চট্টগ্রাম নগর যুবলীগের দুই নেতাকে গ্রেপ্তার করেছে কোতোয়ালী থানা পুলিশ।পুলিশ জানিয়েছে, নগরীর 'বিভিন্ন এলাকায়' অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়েছে।তারা দুজনেই মামলার আসামি।

রবিবার (২০ এপ্রিল) সন্ধ্যায় কোতোয়ালী থানার পক্ষে গণমাধ্যমে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়।

গ্রেপ্তার দুজন হলেন, ফেনী পৌরসভা যুবলীগের সাংগঠনিক সম্পাদক নাহিয়ান মামুন চৌধুরী (২৮) এবং বায়েজিদ বোস্তামি থানা যুবলীগের 'সক্রিয় কর্মী' সাইমন চৌধুরী (২৩)।এর আগে শনিবার (১৯ এপ্রিল) রাতে নগরীর বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়।

বিজ্ঞপ্তিতে পুলিশ জানায়, নাহিয়ানের বিরুদ্ধে কোতোয়ালী থানায় গত বছরের ২৩ আগস্ট একটি হত্যাচেষ্টা মামলা রুজু হয়েছিল।ওই মামলায় তাকে গ্রেপ্তার দেখানো হয়েছে।এছাড়া তার বিরুদ্ধে ফেনীতে পাঁচটি হত্যা, একটি অস্ত্রসহ মোট ১০টি মামলা আছে।

অন্যদিকে, সাইমনের বিরুদ্ধে কোতোয়ালী থানায় বিশেষ ক্ষমতা আইনে ৮ এপ্রিল মামলা দায়ের করেছিল পুলিশ।ওই মামলায় তাকে গ্রেপ্তার দেখানো হয়েছে।তাদের আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

চট্টগ্রাম যুবলীগ পুলিশ গ্রেপ্তার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 20 June, 2025 22:15

URL: https://timestodaybd.com/chittagong/5916471149